

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
বিএসটিআই ও বিএসইসি শাখা  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.moind.gov.bd](http://www.moind.gov.bd)


### বিজ্ঞপ্তি

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি-শিল্প)-২০১৭ মনোনয়ন ।

২০১৭ সালের জন্য সিআইপি (শিল্প) নির্বাচনের উদ্দেশ্যে শিল্পনীতি, ২০১০ এ প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ (উৎপাদন ও সেবা), মাঝারি (উৎপাদন ও সেবা), ক্ষুদ্র (উৎপাদন ও সেবা), মাইক্রো ও কুটির শিল্প প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত মালিক পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

অফিস চলাকালীন প্রতিদিন সকাল ৯টা-৫টা পর্যন্ত শিল্প মন্ত্রণালয়ের বিএসটিআই ও বিএসইসি শাখা (কক্ষ নং ৫২৬, ৫ম তলা) অথবা শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইট [www.moind.gov.bd](http://www.moind.gov.bd) হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে শিল্প মন্ত্রণালয়ের উপরোক্ত শাখায় আবেদন পৌঁছাতে হবে। ঋণ খেলাপি/কর খেলাপি/কোন ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত এবং সাজা ভোগের পর ন্যূনপক্ষে ৫ বছর অতিবাহিত হয়নি, এমন ব্যক্তিদের আবেদন করার সুযোগ নেই। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। আবেদন সম্পর্কে মন্ত্রণালয়ে গঠিত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোহাম্মদ মাসুদ রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫২৫৫৮